

স্মারক নং- ইআবি/পনি/ কা.মা./২০১৯/১১১৮

তারিখ: ১৯ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ  
০২ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

**২০১৯ সালে অনূষ্ঠিতব্য কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ এর নিয়মিত, অনিয়মিত, রিটেইক, মান-উন্নয়ন পরীক্ষার্থীদের ফরমপূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসার অধ্যক্ষবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ এর নিয়মিত, অনিয়মিত, রিটেইক, মান-উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের নিমিত্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

পরীক্ষা শুরু হওয়ার সম্ভাব্য তারিখ : ০২/০৫/২০১৯ খ্রি.

১। অন-লাইনে (eFF) ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলি:

ক্রম.	কাজের বিবরণ	তারিখ
১	বিলম্ব ফি ব্যতীত অনলাইন eFF করার তারিখ	০৯.০৪.২০১৯ হতে ১৩.০৪.২০১৯ পর্যন্ত
২	বিলম্ব ফি ব্যতীত ফরম ফিলাপ ও অন্যান্য ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ	০৯.০৪.২০১৯ হতে ১৫.০৪.২০১৯ পর্যন্ত
৩	বিলম্ব ফিসহ অনলাইন eFF করার তারিখ	১৫.০৪.২০১৯ হতে ১৬.০৪.২০১৯ পর্যন্ত
৪	বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও অন্যান্য ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ	১৭.০৪.২০১৯ হতে ১৮.০৪.২০১৯ পর্যন্ত
৫	ফরম ফিলাপ ফি, অন্যান্য ফি বাবদ ব্যাংক জমা রশিদ, আনুষঙ্গিক কাগজপত্র, অনলাইনে (eFF) ফরম পূরণের পর প্রাপ্ত পরীক্ষার্থীদের তালিকা অধ্যক্ষের স্বাক্ষরসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দেয়ার তারিখ	২২.০৪.২০১৯ ২৩.০৪.২০১৯ পর্যন্ত

২। পরীক্ষার্থীর যোগ্যতা:

ক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) ভর্তি হওয়ার পর যে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে তারা কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে কিন্তু কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ তে অংশগ্রহণ করতে পারেনি তাদের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ তে অংশগ্রহণ করতে পারবে।

৩। রিটেইক (Retake):

যে সকল শিক্ষার্থী ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ তে অংশগ্রহণ করে পরীক্ষায় উত্তীর্ণ না হয়ে যে কোনো বিষয়ে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা কোন বিষয় অনুপস্থিত থেকে F গ্রেড প্রাপ্ত হয়েছে, তারা ৫০০/- (পাঁচশত) টাকা ব্যাংকে জমাদান সাপেক্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ তে উক্ত বিষয়ে রিটেইক (Retake) অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

৪। মান-উন্নয়ন পরীক্ষা:

যে সকল শিক্ষার্থী ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ তে অংশগ্রহণ করে পরীক্ষায় যে বিষয়ে C গ্রেড অথবা C গ্রেড এর কম পেয়েছে, তারা ৫০০/- (পাঁচশত) টাকা ব্যাংকে জমাদান সাপেক্ষে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ তে উক্ত বিষয়ে মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

৫। রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী :

রেজিস্ট্রেশন নম্বর ছাড়া আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :

পরীক্ষার্থীদেরকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর প্রচলিত কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) শ্রেণির জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৭। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :

ক) eFFএর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী ব্যাংকের নিজস্ব জমা রশিদের মাধ্যমে সম পরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত মূল রশিদটি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে।

খ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

৮। ক) নিয়মিত পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নরূপ:

বিষয়ের নাম	পরীক্ষার ফি (প্রতি কোর্স)	টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি কোর্স)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি	নম্বরপত্র ফি	মূল সনদপত্র ফি	মোট ফি (বিলম্ব ছাড়া)	বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী)	বিলম্ব ফিসহ (সর্বমোট)
* আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, * আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ, * দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ, * আরবি ভাষা ও সাহিত্য, * ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২০০x ৭ = ১৪০০/-	৮০x ৭ = ৫৬০/-	২০০/-	৫/-	২০০/-	২৫০/-	২,৬১৫/-	৫০০/-	৩,১১৫/-

খ) অনিয়মিত, রিটেইক, মান-উন্নয়ন পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নরূপ :

বিষয়ের নাম	অনিয়মিত পরীক্ষার্থীর ফি (রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে)	অনিয়মিত পরীক্ষার্থীর ফি (বিলম্ব ফিসহ)	রিটেকই/গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি (প্রতি কোর্স)	বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী)
* আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, * আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ, * দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ, * আরবি ভাষা ও সাহিত্য, * ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২,৬১৫/-	৩,১১৫/-	৫০০/-	৫০০/-

৯। অন্যান্য ফি-এর হার :

ক) কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে। পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

১০। ক) পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকার হিসাব নং-০২০০০০৯০৮২৩৪১ (ইআবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার মূল রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্রসহ উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অন্যথায় এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।


- খ) ব্যাংকে টাকা জমার পর মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদরাসার সীলমোহরসহ স্বাক্ষর করবেন।
- গ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।
- ঘ) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি- এর টাকা জমার রশিদ গ্রহণ করা হবে না।
- ঙ) পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের হালনাগাদ অধিভুক্তি নবায়ন কপি এবং গভর্নিং বডি'র অনুমোদন কপি অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় পরীক্ষা সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণ করা হবে না।

১১। অন্যান্য বিষয় সংক্রান্ত:

ক) অবৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি হওয়ার কারণে কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ এর জন্য অযোগ্য ও অন্য যে কোন ধরনের অবৈধ ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।

খ) অন-লাইনে ফরম পূরণের [www.iau.edu.bd](http://www.iau.edu.bd) এ কোন সমস্যা হলে হেল্প ডেস্ক নং-০১৭০৯৩৮৯০০৭ (আইসিটি শাখা), ০১৭১৩৫৫৬১৭৮ মোবাইল নম্বরে বা ই-মেইল [iau.exam@gmail.com](mailto:iau.exam@gmail.com) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

গ) বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৯ সালে অনুষ্ঠিতব্য কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬ এর পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


  
পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি/ কা.মা./২০১৯/১১১৮ তারিখ : ০২ এপ্রিল ২০১৯খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. ডীন, ফাজিল স্নাতক শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. অধ্যক্ষ, সকল কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) মাদরাসা।
৪. সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা, কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৬।
৫. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. ট্রেজারার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ট্রেজারার মহোদয়ের অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৭. আই.সি.টি শাখা, (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ইআবি, ঢাকা।
৮. অফিস কপি।

  
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।